**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 23 August 2025** **TIME: 7:35 AM**

---

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য দুদিনের সরকারি সফরে আজ শিলচর আসছেন ।বরাক উপত্যকার উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা ও জনহিতকর প্রতিষ্ঠান সমুহের সঙ্গে সাক্ষাৎ করার উদ্দেশ্যে রাজ্যপালের এই সফর । রাজ্যপাল শ্রী আচার্য আজ বিকেল তিনটে ৩৫ মিনিটে জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে এক উচ্চ পর্যায়ের বৈঠকে অধ্যক্ষতা করবেন । আগামীকাল সকাল ৯ টা ৩৫ মিনিটে তিনি শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রম পরিদর্শন করবেন এরপর সকাল ১০ টা ১০ মিনিটে রেডক্রস শিশু হাসপাতাল পরিদর্শন করবেন । রাজ্যপালের আগামীকাল বিকেলে গুয়াহাটী ফিরে যাওয়ার কথা রয়েছে ।

---

সুপ্রীম কোর্ট আসামে জাতীয় নাগরিক পঞ্জীর ১০০ শতাংশ পুনরনিরীক্ষণের জন্য দাখিল করা আবেদন সম্পর্কে গতকাল কেন্দ্রীয় সরকার ,আসাম সরকার এবং ভারতের এটর্নী জেনারেলকে নির্দেশ

জারী করেছে । সেইসঙ্গে বর্তমান জাতীয়  নাগরিক পঞ্জীর আসামের মূখ্যসমন্বয়ককেও সর্ব্বোচ্চ আদালত নির্দেশ জারী করেছে । আসামের জাতীয় নাগরিক পঞ্জীর প্রাক্তন সমন্বয়ক তথা অবসরপ্রাপ্ত প্রশাসনিক আধিকারিক হিতেশ দেবশর্মার এসম্পর্কে গত জুলাই মাসে দাখিল করা আবেদন গতকাল বিচারপতি পি নরসিমহা এবং বিচারপতি অতুল সন্দুরকারকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ বিচারের জন্য গ্রহণ করে  সংশ্লিষ্ট পক্ষকে নির্দেশ জারী করেছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৩ সেপ্টেম্বর মিজোরাম সফরে আসার সম্ভাবনা রয়েছে । মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহমা গতকাল এ কথা জানিয়েছেন । তিনি জানান যে প্রধানমন্ত্রী ওই দিন মিজোরাম পৌছে ৫১ দশমিক ৩-৮ কিলোমিটার দৈর্ঘ ভৈরবী - সাইরাং রেললাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধন করবেন । মুখ্যমন্ত্রী বলেন যে এর ফলে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে মিজোরাম চতুর্থ রাজ্য হিসেবে রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হবে । গতকাল আইজলে মিজোরাম পুলিশ সার্ভিস এশোসিয়েশনের এক সম্মিলনে অংশ গ্রহণ করে শ্রী লালডুহমা এ কথা জানিয়ে বলেন যে ১২ই সেপ্টেম্বর রত্রিবেলা প্রধানমন্ত্রী আইজলে পৌঁছবেন এবং ১৩ সেপ্টেম্বর তিনি মিজোরামের রাজধানী আইজলের পশ্চিমাঞ্চলে অবস্থিত ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন ।

---

বরাক উপত্যকার আবগারি বিভাগকে আরও গতিশীল ও স্বচ্ছ করতে রাজ্যের আবগারি বিভাগের সচিব আদিল খান এক নির্দেশ জারি

করেছেন । গতকাল শিলচরে অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের বৈঠকে রাজস্ব সংগ্রহের লক্ষ্য পূরণ , লাইসেন্স প্রক্রিয়া সহজ করা , আন্তরাজ্য অবৈধ মদ পাচার রোধ করার বিষয় নিয়ে এক উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয় ।বৈঠকে অবৈধ মদের বিরুদ্ধে সরকার শূণ্য সহনশীলতা নীতি গ্রহণ করেছে বলে শ্রী খান স্পষ্ট করে দেন ।আবগারি সচিব চাবাগান ও গ্রামীণ এলাকায় অবৈধ মদের ঘাটি চিহ্নিত করে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও আবগারি আধিকারীকদের কঠোর অভিযানের নির্দেশ দেন ।বৈঠকে বকেয়া লাইসেন্স মঞ্জুর করার ক্ষেত্রে সরল ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি জানান ।বৈঠকে আবগারি বিভাগের উপায়ুক্ত এল এন বরুয়া , কাছাড় জেলার আবগারি বিভাগের ভারপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ফিলিস ভি এল হামুন্সিয়ামি হরাঙচাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

এদিকে বরাক উপত্যকার পরিকাঠামো উন্নয়ন ত্বরান্বিত করতে সেচ , আবগারি ইত্যাদি বিভাগের সচিব শ্রী খান বিভিন্ন প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার নির্দেশ দেন ।

---

কলকাতার সল্ট লেক যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতার ফাইনালে ডায়মন্ড হার্বার ফুটবল ক্লাব গত বারের চ্যাম্পিয়ান নর্থ-ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাবের মুখোমুখি হবে ।

নর্থ-ইষ্ট ইউনাইটেড ফুটবল ক্লাব গত মঙ্গলবার শিলং-এ আয়োজিত প্রতিযোগিতার প্রথম সেমি ফাইনালে শিলং লাজং এফ সি-কে ১ - ০ গোলের ব্যবধানে পরাজিত করে আগেই এই প্রতিযোগিতায় ফাইনালে খেলার স্থান নিশ্চিত করেছে ।

এদিকে ডায়মন্ড হার্বার ফুটবল ক্লাব  কলকাতার বিবেকানন্দ যুব ভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত প্রতিযোগিতার দ্বিতীয় সেমিফাইনালে ১৬ বারের চ্যাম্পিয়ান ইষ্ট-বেঙ্গল ফুটবল ক্লাবকে ২ - ১ গোলের ব্যাবধানে পরাজিত করে এই প্রতিযোগিতার ফাইনালে প্রবেশ করেছে ।

---

ধলাই-র মাতৃভূমি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ওয়াই এম সি এ দল এবং টি এইচ বি আর্জানপুর দল পরস্পরের মুখোমুখি হবে ।এদিকে প্রতিযোগিতার কোয়াটার ফাইনালে উঠল লোকনাথপুর এফ সি । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় লোকনাথপুর  এফ সি ৩-০ গোলের ব্যবধানে দর্মিখাল এফ সি কে পরাজিত করে ।

---